

সাধারণ জিজ্ঞাসা

প্রশ্ন: গত বছর আমি উচ্চমাধ্যমিক পরীক্ষার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবেদন করেছিলাম। এ বছর আবার উচ্চমাধ্যমিক পরীক্ষা (মানোন্নয়ন) দিয়ে পুনরায় আবেদন করতে গেলে আমি আবেদন করতে পারছি না কেন?

উত্তর: ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী একজন প্রার্থী স্নাতক পর্যায়ে কেবলমাত্র একবার আবেদন করতে পারে। মানোন্নয়ন পরীক্ষা দিয়ে মানোন্নয়ন হলে (বা না হলে) উপরোক্ত শর্তের কোন পরিবর্তন হয় না বিধায় আপনি আবেদন করতে পারছেন না। আপনি বিগত কোন বছরে আবেদন না করে থাকলে এবং ফলাফলে মানোন্নয়ন হয়ে থাকলে আপনি আবেদন করতে পারবেন।

প্রশ্ন: আমি লগইন করতে গেলে একাধিক ছবি আসে এবং কোনটি দিয়ে লগইন করতে চাই তা বাছাই করতে বলা হয় কেন?

উত্তর: ভুল ক্রমে অন্যের ছবি, কোটা অথবা ব্যক্তিগত তথ্য তোলা হয়ে গেলে প্রার্থী "আমি নই" বাটনে ক্লিক করে সঠিকটি দিতে পারবে। কিন্তু সেক্ষেত্রে তার দুটি কপিই সংরক্ষিত থাকবে এবং তার প্রবেশপত্র দেয়া স্বগিত থাকবে। প্রার্থীকে ০৫ই সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে (কক্ষ নং - ২১৪, প্রশাসনিক ভবন) তার মূল কাগজপত্র সহ সশরীরে এসে সঠিকটি ঠিক করতে হবে।

প্রশ্ন: লগইন করার পর ছবির সাথে যোগাযোগের নম্বর চাওয়া হচ্ছে। এক্ষেত্রে কোন নম্বর দিতে হবে?

উত্তর: প্রার্থীর নিজের বা বৈধ অভিভাবকের যোগাযোগ নম্বর দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হচ্ছে। কোন প্রার্থীর পক্ষে অন্য কারও নম্বর দেয়া থাকলে প্রার্থীর প্রবেশপত্র প্রদান স্বগিত থাকবে। তবে যে কোন নম্বর হতে মোবাইল ফোনের মাধ্যমে এস. এম. এস. পাঠানো যাবে।

প্রশ্ন: ভুল করে অন্য ছবি আপলোড করা হয়েছে। কিভাবে এটি সংশোধন করা যাবে?

উত্তর: আবেদনকারীর মূল পাতায় (ড্যাশবোর্ড) প্রদর্শিত ছবিতে ভুল ছবিটি দেখতে পেলে "আমি নই" বাটনে ক্লিক করে নতুন ছবি ও তথ্যাবলি দেয়ার পর নতুন টাকা জমার রসিদ সংগ্রহ করতে হবে। টাকা জমার রসিদটি যথারীতি ব্যাংকে নিয়ে গিয়ে আবেদন ফি জমা দিতে হবে। তারপর প্রার্থীকে উচ্চমাধ্যমিকের রেজিস্ট্রেশন কার্ড ও উক্ত টাকা জমার রসিদ সহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে সশরীরে হাজির হয়ে নির্ধারিত ফি দিয়ে ছবি সংশোধনের আবেদন করতে হবে। যে ছবিটি চূড়ান্তভাবে অবস্থান করবে সে ছবি সম্বলিত টাকা জমার রসিদ দিয়ে পরীক্ষার ফি জমা দেয়া থাকতে হবে।

EDUCATIONNEWSBD24.COM

প্রশ্ন: আবেদনকারীর গ্রহণযোগ্য ছবি কোনটি হবে ?

উত্তর: ১. আবেদনকারীকে অবশ্যই একটি মার্জিত ছবি আপলোড করতে হবে। ছবির পিছনে সাদা (বা যে কোন হালকা রঙ) হতে হবে। ২. আবেদনকারীর ছবি দৈর্ঘ্য (লম্বায়) ৫৭৫-৬২৫ পিক্সেল এবং প্রস্থ (চওড়া) ৪২৫-৪৭৫ পিক্সেল এর মধ্যে হতে হবে। ৩. ছবির ফাইল অবশ্যই .jpg ফরম্যাটে থাকতে হবে। ৪. ছবিটির ফাইলের সাইজ ১০০ KB এর মধ্যে হতে হবে।

প্রশ্ন: গার্হস্থ্য ও প্রযুক্তি ইউনিটগুলোতে ভর্তিকৃত শিক্ষার্থীরা কি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পাঠ গ্রহণ করে?

উত্তর: সারাদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত বিভিন্ন ধরনের (সাধারণ/কারিগরি/বিশেষায়িত) কলেজ ও ইনস্টিটিউট রয়েছে যাদের পাঠক্রম ও পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ করে। এ প্রতিষ্ঠানগুলি সরকারী বা বেসরকারীভাবে পরিচালনা করা হয় এবং এসব প্রতিষ্ঠানের অবকাঠামোগত, প্রশাসনিক ও আর্থিক বিষয়াদি প্রতিষ্ঠানের পরিচালনাকারী কর্তৃপক্ষ নির্ধারণ ও ব্যবস্থাপনা করেন। শিক্ষার্থীরা প্রতিষ্ঠানসমূহে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত পাঠ্যক্রমে পাঠলাভ করে। অধিভুক্ত কলেজগুলির মধ্যে বর্তমানে গার্হস্থ্য বিজ্ঞান (শুধুমাত্র ছাত্রীদের জন্য) এবং প্রযুক্তি বিষয়ক (যেমন, তড়িৎ, যন্ত্র বা টেক্সটাইল ইত্যাদি প্রযুক্তি বিষয়ক) কলেজ/ইনস্টিটিউটে ভর্তির জন্য শিক্ষার্থীরা উক্ত ইউনিটগুলোর মাধ্যমে আবেদন করতে পারবে।